

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সাকুলার লেটার নং-১৩

আগষ্ট ১৯, ২০০৮
তারিখ : -----
ভদ্র ০৪, ১৪১৫

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংক কর্তৃক সেবা প্রদানের বিপরীতে নির্ধারিত সেবামূল্য অপেক্ষা হ্রাসকৃত মূল্য গ্রহণের ক্ষেত্রে মুসক আরোপযোগ্য মূল্য নির্ধারণ বিষয়ে স্পষ্টীকরণ প্রসংগে।

জাতীয় রাজস্ব বোর্ডের জুলাই ২৮, ২০০৮ তারিখের নথি নম্বর ৮(৮)মুসক নীঃ ও বাঃ/৯৯(অংশ-১)/৯৫ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে অপর পৃষ্ঠায় হুবহু পুনর্মুদ্রিত হলো।

০২। বর্ণিত নির্দেশনা আপনাদের সকল শাখাকে অবিলম্বে অনুসরণ এবং তার পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ জাহাঙ্গীর আলম)
মহাব্যবস্থাপক
ফোন: ৭১১৭৮২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুন বাগিচা, ঢাকা।

নথি নং-৮(৮)মূসক নীঃ ও বাঃ/৯৯(অংশ-১)/৯৫

তারিখ : ২৮/০৭/২০০৮ খ্রিঃ

বিষয় : ব্যাংক কর্তৃক সেবা প্রদানের বিপরীতে নির্ধারিত সেবামূল্য অপেক্ষা হ্রাসকৃত মূল্য গ্রহণের ক্ষেত্রে মূসক আরোপযোগ্য মূল্য নির্ধারণ বিষয়ে স্পষ্টীকরণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। ব্যাংক কর্তৃক সেবা প্রদানের বিপরীতে নির্ধারিত সেবা মূল্য অপেক্ষা হ্রাসকৃত মূল্য (Reduced banking charge) এর ক্ষেত্রে মূল্য সংযোজন কর (মূসক) ধার্যের বিষয়ে অর্থাৎ ব্যাংক কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে standard service charge schedule বাংলাদেশ ব্যাংকে দাখিল করা হলেও কখনো কখনো সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক reduced charge গ্রহণের ক্ষেত্রে কোন মূল্যের উপর মূসক প্রযোজ্য হবে সে বিষয়ে সুস্পষ্ট দিক নির্দেশনা না থাকায় মাঠ পর্যায়ে জটিলতার সৃষ্টি হয়েছে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড অবগত হয়েছে।

০৩। মূসক অনুবিভাগে এ বিষয়টি পর্যালোচনায় দেখা যায় যে, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৫ এর উপ-ধারা ৪ অনুসারে সেবা প্রদানের ক্ষেত্রে মূল্য সংযোজন কর ধার্য করা হবে সর্বমোট প্রাপ্তির উপর। পক্ষান্তরে, মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ৩ক অনুসারে বোর্ড, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, করযোগ্য কোন সেবা প্রদানের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিবন্ধিত ব্যক্তি কর্তৃক মূল্য সংযোজন কর ধার্যের জন্য মূল্যভিত্তি ঘোষণা প্রদানের আদেশ প্রদান ও ঘোষণা প্রদানের পদ্ধতি নির্ধারণ করতে পারবে। উল্লেখ্য যে, জাতীয় রাজস্ব বোর্ড হতে ব্যাংক কর্তৃক প্রদত্ত সেবার ক্ষেত্রে charge এর কোন মূল্যভিত্তি নির্ধারণ সংক্রান্ত আদেশ/বিশেষ আদেশ অদ্যাবধি জারী করা হয়নি।

০৪। প্রসঙ্গতঃ উল্লেখ্য যে, জাতীয় রাজস্ব বোর্ড হতে সেবার ক্ষেত্রে মূল্যভিত্তি ঘোষণা প্রদানের কোন আদেশ জারী না করা হলেও যেহেতু ব্যাংকসমূহ হতে বাংলাদেশ ব্যাংকে, ব্যাংকিং সেবা সংক্রান্ত standard service charge schedule দাখিল করা হয়ে থাকে, সেহেতু উক্ত standard charge কে ভিত্তি ধরে তার উপরে মূসক প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান। এছাড়া, ব্যাংক কর্তৃপক্ষ তার নিজস্ব ব্যবসায়িক স্বার্থে client দের উদ্বুদ্ধকরণের লক্ষ্যে reduced charge এ সেবা প্রদান করলেও standard charge অনুসারে মূসক প্রদান করা যুক্তিযুক্ত। অর্থাৎ বিশেষ ক্ষেত্রে reduced charge এ বা বিনামূল্যে সেবা প্রদান করা হলেও সংশ্লিষ্ট সেবার বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত standard charge এর আলোকে মূসক আদায়/পরিশোধযোগ্য।

০৫। এমতাবস্থায়, ব্যাংকিং সেবা প্রদানের বিষয়ে বোর্ডের উল্লিখিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলকে অনুসরণ ও বাস্তবায়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/-

(মোহাম্মদ ফাইজুর রহমান)
দ্বিতীয় সচিব, মূসক
(নীতি ও বাজেট)